

রংপুরে শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস

১১ জনের বিরুদ্ধে অভিযোগ গঠন

● ১৭৩ জনকে অব্যাহতি

শিক্ষকত আশী বান্দু, রংপুর

সরকারি হাইস্কুলে শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের চাঞ্চল্যকর মামলার ১৭ ৮৪ জন আসামির মধ্যে ১৭ ৭৩ জন আসামিকে অব্যাহতি দেয়া হয়েছে। ওধু ১১ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন করা হয়েছে। গতকাল বিকেলে দীর্ঘ তদানি শেষে রংপুরের চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মনসুর

আলম ও আদেশ প্রদান করেন। এমিকে সরকার পক্ষের আইনজীবী পিপি আবদুল মালেক আডভোকেট বলেছেন বাদী পক্ষকে মামলা প্রত্যাহার সুযোগ না দিয়ে আইন বহির্ভূতভাবে আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠন না করে অব্যাহতি দেয়া হয়েছে। এ আদেশের বিরুদ্ধে তিনি উচ্চ আদালতে আপিল করবেন। মামলা সূত্রে জানা গেছে, অভিযোগ : পৃষ্ঠা : ১৫ ক : ৬

অভিযোগ : গঠন

(১ম পৃষ্ঠার পর)

২০১০ সালের ৮ ফুলাই রংপুর নগরী থেকে ১৫ কিলোমিটার দূরে বেসরকারি পর্বতন কেন্দ্র ভিন্ন ভাগতে সরকারি হাইস্কুলে শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্ন ফাঁস করে সেখানে প্রস্তুতকৃত পরীক্ষা দেয়ার সময় গোপন সংবাদের ওপর ভিত্তি করে রংপুরের পুলিশ সুপার স্যালেহ মো. আনজীর নেতৃত্বে পুলিশ জোর অভিযান চালিয়ে ১৬৭ জনকে আটক করে। তাদের কাছ থেকে উদ্ধার করা হয় বিজ্ঞপ্তিসংকে ছাপানো পরীক্ষার মূল প্রশ্নপত্রসহ বিভিন্ন সামগ্রী। আটককৃতদের মধ্যে বেশির ভাগই ছিল পরীক্ষার্থী। তারা এই প্রশ্নপত্র নিয়ে পরের দিন দেশব্যাপী পরীক্ষার অংশগ্রহণ করার কথা ছিল। পরে পুলিশ ঘটনার সঙ্গে জড়িত বিজ্ঞপ্তিসংকের ৬ কর্মকর্তা কর্মচারীসহ আরও ১৭ জনকে গ্রেফতার করে। জিজ্ঞাসাবাদে পরীক্ষার্থীরা স্বীকার করে তারা জনপ্রতি ৩ থেকে ৪ লাখ টাকা দিয়ে প্রশ্নপত্র সংগ্রহ করেছিল। পুলিশ অভিযান চালিয়ে প্রশ্নপত্র বিক্রি করার অর্থের মধ্যে মগদ ২৮ লাখ টাকাও উদ্ধার করে। পরে সামগ্ৰী উদ্ধারের জন্য সিআইডি পুলিশের কাছে হস্তান্তর করা হয়। সিআইডি পুলিশ তদন্ত করে ১৭ ৮৪ আসামির বিরুদ্ধে দণ্ডবিধি আইনের ৪০৬/৪২০/১০৯/০৪ ধারা ও পাবলিক পরীক্ষা আইনের ৪ ধারা এবং অতিশিক্ষাল সিক্রেট আইনে আদালতে চার্জশিট দাখিল করে। গতকাল রংপুরের চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠনের দিন ধার্য ছিল। আসামি পক্ষে আসামিদের বিরুদ্ধে সুনির্দিষ্ট কোন অভিযোগ নেই বলে দাবি করে সরকারি অব্যাহতি দেয়ার আবেদন জানিয়ে হয়। বাদীপক্ষে পিপি বাদীপক্ষকে মানসার্তি প্রদান করার সুযোগ প্রদান এবং মামলাটি একটি চাঞ্চল্যকর মামলা সেই সূত্রে আসামিদের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ আছে বলে দাবি করে অভিযোগ গঠন করার আবেদন জানান। দীর্ঘ মেরনি শেষে বিচারক বিবেচন ৪টার সময় রায় প্রদান করবেন বলে জানান। পরে বিকেল সোয়া ৪টার বিজ্ঞ বিচারক ১৭ ৮৪ আসামির মধ্যে ১৭ ৭৩ আসামিকে মামলা থেকে অব্যাহতি প্রদান এবং ১১ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন করেন। এরা হলেন বিজ্ঞপ্তিসংকের কর্মচারী মহিমুল ইসলাম, এটিএম গোলাম মোস্তফা, হানিমুল ইসলাম, লাবনী আশতার, মো. আশী ও আবদুল গালিল। অন্য ৫ জন হলেন- মাহফুজার রহমান, আরিফুর রহমান, গতিউর রহমান, সাক্ষাতুল ইসলাম ও সেহাওয়াল ইসলাম।